

জরুরী বিজ্ঞপ্তি

বিষয়: শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণের নিজ নিজ কোভিড-১৯ করোনা ভ্যাকসিন গ্রহণ এবং অন্যদের গ্রহণে উদ্বুদ্ধকরণ প্রসঙ্গে।

সূত্র 'ক': স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৩১.৯৯.০০১.১৯.৪০, তারিখ ০২ আগস্ট ২০২১

সূত্র 'খ': স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.৩৮১, তারিখ ০১ আগস্ট ২০২১

উপরোক্ত বিষয় ও সূত্র 'ক' এবং 'খ' অর্থাৎ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এবং শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশক্রমে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণের করোনা ভাইরাস জনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে নিম্নলিখিত পদক্ষেপসমূহ পালন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল:

- (ক) বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী এবং ১৮ বছরের উর্দে সকল শিক্ষার্থীগণকে স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী নিজ নিজ ভ্যাকসিন গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।
- (খ) সম্মানিত সকল শিক্ষকগণ অনলাইন/ভার্চুয়াল ক্লাসে শিক্ষার্থীদের এবং তাদের পরিবারের সদস্যদেরকে কোভিড-১৯ বিস্তার রোধকল্পে স্বাস্থ্যবিধি অনুসরণসহ কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণে উদ্বুদ্ধ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- (গ) বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণ ভ্যাকসিন গ্রহণের বিষয়ে জনগণকে উদ্বুদ্ধকরণে স্থানীয় প্রশাসনকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- (ঘ) বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।



রেজিস্ট্রার

পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি